গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং এনআইএমএইচ/একাডেমিক/২০২৬/৬৯৬৮ তারিখ: ১৭/১১/২৬

বিজ্ঞপ্তি

বিষয়: সাইকোলজি ইন্টার্নশিপ প্রশিক্ষণের জন্য নির্বাচনী পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান (Psychology) বিভাগের শিক্ষার্থীদের জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালে ইন্টার্নশিপ প্রশিক্ষণের সুযোগ প্রদানের লক্ষ্যে একটি নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

আগামী ০১ ডিসেম্বর ২০২৬ খ্রি., মঙ্গলবার, সকাল ১০:০০ ঘটিকায় জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালে উক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিবরণ:
১. পরীক্ষার ধরন: বহুনির্বাচনি (MCQ)
২. মোট প্রশ্নসংখ্যা: ৫০টি
৩. পূর্ণমান: ১০০ নম্বর
৪. পরীক্ষার সময়কাল: ১ ঘণ্টা
৫. পরীক্ষার তারিখ: ০১ ডিসেম্বর ২০২৬ খ্রি.
৬. পরীক্ষার সময় সকাল ১০:০০ ঘটিকা থেকে ১১:০০ ঘটিকা পর্যন্ত
৭. পরীক্ষার স্থান: জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।

আবেদন সংক্রান্ত নির্দেশনা:
উক্ত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে আগামী ৭ (সাত) দিনের মধ্যে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালের পরিচালক বরাবর পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনপত্র জমা দেওয়ার অনুরোধ করা হলো।

উক্ত নির্বাচনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালে সাইকোলজি ইন্টার্নশিপ প্রশিক্ষণের সুযোগ প্রদান করা হবে।

আবেদনকারীকে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে।
ক) বিএসি সাইকোলজি অথবা ক্লিনিক্যাল সাইকোলজির সার্টিফিকেটের ফটোকপি।
খ) শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ড এর ফটোকপি ও পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি।

সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে আবেদনপত্র জমা প্রদান এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(অধ্যাপক ডা. সাইফুন নাহার)
পরিচালক ও অধ্যাপক
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকা।